



শেকুরির ৪৭ শিক্ষার্থীকে ইন্টার্নশিপ সনদ প্রদান

প্রকাশিত: ২২ - আগস্ট, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার || শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সাইন্স এ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ত্তীয় ব্যাচের ৪৭ শিক্ষার্থীকে ইন্টার্নশিপের সনদপত্র বিতরণ করা হয়েছে। বুধবার সকাল ১১টায় ভেটেরিনারি অনুষদে এ উপলক্ষে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এনিম্যাল সাইন্স এ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে ইন্টার্নশিপ সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহমদ। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী, রেনেটা জেনারেল ম্যানেজার মোঃ সিরাজুল হক, গেষ্ট অব অনার ছিলেন প্রফেসর ড. লাম ইয়া আসাদ। শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন ডাঃ টিপু সুলতান ও ডাঃ কাকলী মুহাম্মত কেরা।

চিংড়ি রোগ নির্ণয়ের প্রশিক্ষণ || দেশের দ্বিতীয় গুরুত্বপূর্ণ রফতানি পণ্য চিংড়ি সম্পদের সার্বিক উন্নয়নকল্পে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে চিংড়ি রোগ নির্ণয়ের দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন হয়েছে। একোয়াটিক এনিম্যাল হেলথ ম্যানেজমেন্ট বিভাগ ও ফিরো এনিম্যাল হেলথ কর্পোরেশনের যৌথ উদ্যোগে প্রশিক্ষণ সম্পন্ন হয়। প্রশিক্ষণ কর্মশালায় দেশের স্বনামধন্য ও শীর্ষস্থানীয় ফিশ ফিড উৎপাদনকারী ৭ প্রতিষ্ঠানের ১৮ প্রশিক্ষণার্থী অংশ নেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকষ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকষ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকষ্ঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং বাস্ট: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com